গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রজ্ঞাপন
তারিখ, -------১৪২২ বঙ্গাব্দ/ ------২০১৬

এস, আর, ও নং ---আইন/২০১৫।- মেট্রোরেল আইন, ২০১৫ (২০১৫ সনের ০১ নং আইন) এর ধারা ৪৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল,
যথা:-

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন-

(ক) এই বিধিমালা মেট্রোরেল বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে;

(খ) ইহা গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) ''আইন'' অর্থ মেট্রোরেল আইন, ২০১৫ (২০১৫ সনের ১ নং আইন);

(খ) ''লাইসেন্স'' অর্থ আইনের ধারা ২ (১৭) এর বিধান মতে প্রদত্ত লাইসেন্স;

(গ) ''পরিচালন ব্যবস্থা'' বলিতে অপরিবর্তিত বিদ্যুৎ অথবা পরিবর্তিত বিদ্যুৎ এর মাধ্যমে বৈদ্যুতিক চালিত ব্যবস্থার ক্ষেত্রে শক্তি সরবরাহ হওয়া, এবং বিদ্যুৎ বিতরণের ভোল্টেজের (Voltage) মান বুঝাইবে;

(ঘ) ''গেজ'' অর্থ রেলের পুরোভাগদ্বয়ের (Heads) মধ্যবর্তী ন্যূনতম দূরত্ব যখন রেলের উপরিতলসমূহ (Surfaces) হইতে ১৬ (ষোল) মিলিমিটারের মধ্যে পরিমাপ করা হয়;

(ঙ) ''পরিকল্পিত রুট'' বলিতে রুট শুরু এবং শেষ হওয়ার স্থান এবং রুটে অবস্থিত প্রাথমিক স্থানসমূহকে বুঝাইবে;

(চ) ''কর্তৃপক্ষ'' অর্থ আইনের ধারা ২ (৩) এ বর্ণিত কর্তৃপক্ষ;

(ছ) ''কর্তৃপক্ষের মানদণ্ড (Authority's Standard)'' অর্থ আইনের ধারা ১৫ এর উপ-ধারা (২) এ বর্ণিত কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত কারিগরি মান (Technical Standard);

(জ) "প্রচলিত মেট্রোরেল ব্যবস্থা (Conventional Metrorail Transit System)" অর্থ রেলট্র্যাক সংবলিত নিরংকুশ পথাধিকারে (Dedicated right of way) চলাচলকারী বিদ্যুৎ চালিত রেলভিত্তিক মেট্রোরেল ব্যবস্থা;

(ঝ) ''গৌণ পরিবর্তন (Minor Alteration)" অর্থ নিম্নবর্ণিত ক্ষেত্রে তুলনামূলকভাবে গৌণ পরিবর্তন অথবা পরিমার্জন-

(১) নির্মাণ পরিকল্পনা;

(২) মেট্রোরেল পরিচালনায় ব্যবহৃত মেট্রোরেল সুবিধা; অথবা

(৩) যথাক্রমে বিধি ৪৭, ৪৮ ও ৪৯ এর বিধান মতে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রোলিং স্টক।

(ঞ) ‘‘এটিপি (Automatic Train Protection)’’ অর্থ সংকেত (Signal) বা গতিসীমা পালনে চালকের ব্যর্থতার কারণে সংঘর্ষ প্রতিহত করার জন্য রোলিং স্টকে সন্নিবেশিত স্বয়ংক্রিয় ট্রেন সুরক্ষা ব্যবস্থা;

(ট) ‘‘এটিসি (Automatic Train Control)’’ অর্থ মেট্রোরেল ব্যবস্থায় ট্রেন নিরাপত্তার জন্য বাহ্যিক অবস্থার প্রেক্ষিতে গতি নিয়ন্ত্রণ কৌশল অবলম্বন করা;

(ঠ) ‘‘এটিও (Automatic Train Operation)’’ অর্থ ট্রেন পরিচালনাকে স্বয়ংক্রিয়ভাবে সহায়তাকারী পরিচালনা নিরাপত্তা বৃদ্ধিকারী যন্ত্র (Device);

(ড) ‘‘বাছাই কমিটি’’ অর্থ আইনের ধারা ১১ এর উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটি;

(ঢ) ‘‘ভাড়া নির্ধারণ কমিটি’’ অর্থ আইনের ধারা ১৮ এর উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটি;

(ণ) ‘‘ভাড়া পণ্য (Fare product)’’ অর্থ লাইসেন্সী কর্তৃক নির্ধারিত বিশেষ শ্রেণীর যাত্রীর মেট্রোরেলে হ্রাসকৃত ভাড়ায় ভ্রমণের জন্য যে কোন ভাড়া স্কীম (Scheme);

(ত) ‘‘রেল ট্র্যাক (Rail Track) বিন্যাসের নকশা’’ বলিতে বিধি ২৪ এ উল্লিখিত রেল ট্র্যাক বিন্যাসের নকশা বুঝাইবে;

(থ) ‘‘বিশেষভাবে অনুমোদিত বর্ণনা (Exceptionally-Authorized Specification)’’ বলিতে বিধি ২৭ এর উপ-বিধি (২) এর অধীন অনুমোদিত কারিগরি মানকে বুঝাইবে;

(দ) ‘‘রোলিং স্টক (Rolling Stock)’’ অর্থ যাত্রী পরিবহনের জন্য বৈদ্যুতিক গাড়িসমূহ এবং বিশেষ ধরণের অর্থাৎ ট্র্যাক পরীক্ষণ, বৈদ্যুতিক পরীক্ষণ, উদ্ধারকারী ও মেরামতকারী গাড়িসমূহ এবং বিশেষ কাঠামো অথবা যন্ত্রপাতিসহ রেলপথ ব্যবসায় ব্যবহৃত গাড়িসমূহ;

(ধ) ‘‘সাসপেন্ডেড পরিবহন ব্যবস্থা (Suspended Transit System)’’ অর্থ চাকা ব্যবহার করে চলাচলকারী মনোরেল (Monorail) ব্যবস্থা যেখানে সমুচ্চ রেল
(Elevated rail) এর নিচে যানবাহন (রোলিং স্টক) ঝুলন্ত (Suspended) অবস্থায় থাকে;

(ন) ‘‘স্ট্রাডল্ড পরিবহন ব্যবস্থা (Straddled Transit System)’’ অর্থ চাকা ব্যবহার করে চলাচলকারী মনোরেল (Monorail) ব্যবস্থা যেখানে যানবাহন (রোলিং স্টক) একটি সংকীর্ণ নির্দেশিত পথের দুই পাশে চলাচল করে (Straddling);

(প) ‘‘লেভিটেশন পরিবহন ব্যবস্থা (Levitation Transit System)’’ অর্থ একটি পরিবহন ব্যবস্থা যেখানে যানবাহন ইলেক্ট্রোম্যাগনেট দ্বারা লেভিটেটেড (Levitated) এবং রৈখিক মোটর (Linear motor) দ্বারা চালিত;

(ফ) ‘‘গাইড রেল পরিবহন ব্যবস্থা (Guide-rail Transit System)’’ অর্থ নিয়ন্ত্রিত পথে (Guide way) চলাচলকারী রবারের চাকাযুক্ত যান সংবলিত একটি পরিবহন ব্যবস্থা।

দ্বিতীয় অধ্যায়

৩। **(১) বাছাই কমিটির গঠন।**- আইনের ধারা ১১ এর উপ-ধারা (১) এর অধীন লাইসেন্স প্রদান ও নবায়নের উদ্দেশ্যে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা একটি বাছাই কমিটি গঠন করিবে। নির্বাহী পরিচালক এ কমিটির সভাপতি হইবেন। সভাপতি ব্যতিত কমিটিতে কর্তৃপক্ষ ও সরকারের কর্মকর্তাগণের মধ্য হতে অনূর্ধ ছয়জন সদস্য থাকিবেন। কমিটি গঠন নিম্নরুপ:-

(ক) নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ - সভাপতি;

(খ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের একজন কর্মকর্তা যাহার পদমর্যাদা যুগ্মসচিবের নিম্নে নহে - সদস্য;

(গ) অর্থ বিভাগের একজন কর্মকর্তা যাহার পদমর্যাদা যুগ্মসচিবের নিম্নে নহে - সদস্য;

ঘ) সড়ক ও জনপথ অধিদপ্তরের একজন অতিরিক্ত প্রধান প্রকৌশলী - সদস্য;

(ঙ) লেজিসলেটিভ ও সংসদ বিভাগের একজন কর্মকর্তা যাহার পদমর্যাদা উপসচিবের নিম্নে নহে - সদস্য;

(চ) বাংলাদেশ রেলওয়ের একজন কর্মকর্তা যাহার পদমর্যাদা উপসচিব বা পরিচালকের নিম্নে নহে - সদস্য;

(ছ) কর্তৃপক্ষের একজন কর্মকর্তা যাহার পদমর্যাদা উপসচিব বা পরিচালকের নিম্নে নহে - সদস্য সচিব।

তবে শর্ত থাকে যে, এই বিধির কোন কিছুই কর্তৃপক্ষ ও সরকারের কর্মকর্তাগণের মধ্য হইতে বাছাই কমিটির যে কোন কর্মকর্তাকে মনোনয়ন / প্রতিস্থাপনে সরকারকে বারিত করিবে না।

(২) বাছাই কমিটির দায়িত্ব ও কার্যাবলী: বিধি-৪ এর উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্ত হইলে

ক) বাছাই কমিটি ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে আবেদনে উল্লিখিত স্থান পরিদর্শন করিবে।

খ) (১) বিধি ৫ এর উপ-বিধি (২) এর অধীন সুপারিশ প্রদানের জন্য বাছাই কমিটি নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিবে-

(ক) ব্যবসা পরিকল্পনা ও আর্থিক স্থিতি পর্যালোচনা করা;

(খ) আবেদনে সংযুক্ত মেট্রোরেল পরিচালনা সংক্রান্ত সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা পরীক্ষা করা;

(গ) পরিবেশগত সুরক্ষা প্রস্তাবের পর্যাপ্ততা যাচাই করা;

(ঘ) পরিচালনা-পরিকল্পনার অতিরিক্ত অন্য যে কোন সেবা বা ব্যবসা পরিকল্পনা, যদি থাকে, তা যথার্থও গ্রহণযোগ্য কিনা;

(ঙ) প্রস্তাবিত সেবাসমূহ পর্যাপ্ত, যথার্থ ও গ্রহণযোগ্য কিনা;

(চ) এই বিধিমালার, বিধি-৮ এ বর্ণিত লাইসেন্স প্রাপ্তির অযোগ্যতার কোন কারণে আবেদনকারী অযোগ্য কিনা তা যাচাই করা;

(ছ) মেট্রোরেল সেবা জনগণের জন্য উন্মুক্ত করার পরিকল্পিত সময়সূচি □ □ □ □ □ ও □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □ ;

(জ) বিধি ২৪ এ বর্ণিত রুট বিন্যাস □ □ □ □ □ ও □ □ □ □ □ □ □ □ □ □ □ □ ;

(ঝ) নির্ধারিত লাইসেন্স ফিস জমার ব্যাংক- ড্রাফট অথবা পে-অর্ডার □ □ □ □ □ □ □ □ ;

(ঞ) ট্রেড লাইসেন্স যাচাই করা।

(ট) □ □ □ □ □ □ □ □ □ □ □ □ □

(খ) বিধি ৫২ এর নির্দেশনা মোতাবেক নিরাপত্তা ব্যবস্থা সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র;

(গ) অনুমোদিত পরিবেশগত প্রভাব নির্ণয়ের প্রতিবেদনের অনুলিপি;

(ঘ) অন্য পার্শ্ব ব্যবসার ধরণ ও সংক্ষিপ্ত বিবরণী, যদি থাকে;

(ঙ) সেবা প্রদানের সক্ষমতা সংক্রান্ত কাগজপত্র;

(চ) আবেদনকারী বিধি ৮ এ বর্ণিত কোন কারণে অযোগ্য নন সেই সংক্রান্ত কাগজপত্র;

(ছ) মেট্রোরেল সেবা জনগণের জন্য উন্মুক্ত করার পরিকল্পিত সময়সূচি;

(জ) বিধি ২৪এ বর্ণিত রুট বিন্যাস; এবং

(ঝ) নির্ধারিত লাইসেন্স ফিস জমার ব্যাংক- ড্রাফট অথবা পে-অর্ডার।

(ঞ) ট্রেড লাইসেন্সের অনুলিপি।

(৩) আবেদনকারী একজন আইনগত ব্যক্তি (Legal Person) হইলে লাইসেন্সের আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে-

(ক) আবেদনকারীর নিবন্ধন সম্পর্কিত নিগমন প্রত্যয়নপত্রের (Certificate of incorporation) অনুলিপি;

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের অনুলিপি; এবং

(গ) আবেদনকারীর পরিচালকদের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

(৪) আইনগত ব্যক্তি (Legal Person) গঠন করিবে এমন কোন ব্যক্তি আবেদনকারী হইলে, লাইসেন্সের আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে-

(ক) সংজ্ঞাস্মারক (Memorandum of Association) অথবা সংজ্ঞাবিধির (Articles of Association) অনুলিপি;

(খ) সংঘের সদস্যবৃন্দের নামের তালিকা; এবং

(গ) সংঘের পরিচালকগণের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

(৫) উপ-বিধি (৪) এ উল্লিখিত ক্ষেত্র ব্যতীত অন্য কোন ব্যক্তির লাইসেন্সের আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে-

(ক) আবেদনকারীর স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা; এবং

(খ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।

(৬) কর্তৃপক্ষ উপ-বিধি (২) এবং ক্ষেত্রবিশেষে (৩)-(৫) এ বর্ণিত কাগজপত্রের অতিরিক্ত প্রয়োজনীয় কাগজপত্র জমাদানে আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবে।

(৭) আবেদনকারী ফরম ‘‘ক’’ অনুসারে কর্তৃপক্ষ বরাবর লাইসেন্সের আবেদন করিবে।

৫। লাইসেন্সের আবেদন মূল্যায়নের পদ্ধতি।- (১) বিধি ৪ এর বিধানানুসারে একটি লাইসেন্সের আবেদন জমা দেওয়া হইলে কর্তৃপক্ষ আবেদনে উল্লিখিত তথ্য ও উহার সহিত সংযুক্ত কাগজপত্র যাচাই বাছাই এর জন্য আবেদনটি বাছাই কমিটির নিকট প্রেরণ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্ত হইলে বাছাই কমিটি ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে আবেদনে উলিখিত স্থান পরিদর্শন করিবে এবং প্রাপ্ত তথ্য ও কাগজপত্রাদি যাচাই বাছাইক্রমে এবং বিস্তারিত তদন্তের পর সরকারের নিকট লাইসেন্স মঞ্জুর, অথবা নামঞ্জুর সংক্রান্ত সুপারিশ করিবে এবং সরকার সুপারিশ, এই বিধিমালা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়সমূহ বিবেচনাক্রমে লাইসেন্স মঞ্জুর অথবা নামঞ্জুরের সিদ্ধান্ত প্রদান করিবে।

৬। বাছাই কমিটির সুপারিশ।- (১)বিধি ৫ এর উপ-বিধি (২) এর অধীন সুপারিশ প্রদানের জন্য বাছাই কমিটি নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিবে-

(ক) ব্যবসা পরিকল্পনা ও আর্থিক স্থিতি;

(খ) পরিবহনের নিরাপত্তা ব্যবস্থা ;

(গ) পর্যাপ্ত পরিবেশগত সুরক্ষা;

(ঘ) মেট্রোরেল সেবা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অন্য যে কোন বিষয়ে ব্যবসা পরিকল্পনার পর্যাপ্ততা;

(ঙ) পর্যাপ্ত এবং সন্তোষজনক মেট্রোরেল সেবা প্রদানের সক্ষমতা;

(চ) বিধি ৮ এ বর্ণিত অযোগ্যতার কারণসমূহ;

(ছ) মেট্রোরেল সেবা জনগণের জন্য উন্মুক্ত করার পরিকল্পিত সময়সূচি;

(জ) বিধি ২৪এ বর্ণিত রুট বিন্যাস; এবং

(ঝ) নির্ধারিত লাইসেন্স ফিস জমার ব্যাংক- ড্রাফট অথবা পে-অর্ডার।

(ঞ) ট্রেড লাইসেন্স।

(২) আবেদনকারী বিধি ৭ এর উপ-বিধি (৩) এর অধীন পরিচালনার মেয়াদ সীমাবদ্ধ করিতে চাহিলে উপ-বিধি (১) এর দফা (ক) এর বিধান প্রযোজ্য হইবে না।

৭। লাইসেন্স ইস্যু।- (১) বিধি ৫ এর উপ-বিধি (২) এর অধীন লাইসেন্স মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হইলে সরকার আবেদনকারী বরাবর ৯০ (নববই) কার্যদিবসের মধ্যে লাইসেন্স ইস্যু করিবে অথবা আবেদন নামঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হইলে আবেদনকারীকে উহা কারণ উল্লেখপূর্বক অবহিত করিবে।

(২) সরকার রুট এবং মেট্রোরেল ব্যবসার পরিধি বিবেচনাক্রমে ফরম 'খ' অনুসারে লাইসেন্স ইস্যু করিবে।
(৩) লাইসেন্সের মেয়াদ হইবে ২৫ (পঁচিশ) বৎসর:
তবে শর্ত থাকে যে, সরকার, মেট্রোরেল সেবার সাময়িক চাহিদা পূরণকল্পে লাইসেন্সে মেয়াদ উল্লেখপূর্বক অনূর্ধ্ব ২৫ (পঁচিশ) বৎসরের জন্য লাইসেন্স প্রদান করিতে পারিবে।

৮। লাইসেন্স প্রাপ্তিতে অযোগ্যতার কারণ।- লাইসেন্স প্রাপ্তিতে অযোগ্যতার কারণসমূহ নিম্নরূপ-

(ক) এমন কোন কোম্পানী অথবা ব্যক্তি যাহার লাইসেন্স বাতিল করা হইয়াছে এবং অনুরূপ বাতিলের সময় হইতে ০২ (দুই) বৎসর অতিক্রান্ত হয় নাই; অথবা

(খ) এমন কোন ব্যক্তি বা কোম্পানী যাহার পরিচালনা বোর্ডের কোন সদস্য অথবা কোন কর্মকর্তা যাহার ক্ষেত্রে নিম্নের যে কোন একটি অযোগ্যতা প্রযোজ্য হয়-

অ) তিনি নৈতিক স্খলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন দুই বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাহার মুক্তি পাইবার পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে;

আ) তিনি দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন।

৯। লাইসেন্সের শর্ত সংশোধন।- (১) এই বিধিমালার বিধি-৪ ও বিধি-৫ এ বর্ণিত বিধানাবলীসহ সরকার কর্তৃক এই আইন ও বিধিমালার বিধানাবলীর সহিত সঙ্গতিপূর্ণ যে কোন শর্ত সংশোধন এবং কোন বিশেষ অবস্থায় অতিরিক্ত শর্তও সংযুক্ত করা যাইবে।

(২) লাইসেন্সীর লিখিত আবেদনের ভিত্তিতে সরকার লাইসেন্সের শর্তাবলী, যথাঃ মেয়াদ, মেট্রোরেল ব্যবসার পরিধি, নাম- ঠিকানা ইত্যাদি সংশোধন করিতে পারিবে।
(৩) উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত আবেদন সরকার বিধি ৬ এর বিধানানুযায়ী পরীক্ষা করিবে এবং লাইসেন্সের শর্ত সংশোধনের আবেদন মঞ্জুর অথবা নামঞ্জুরের সিদ্ধান্ত গ্রহণ করিবে; তবে শর্ত সংশোধন মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হইলে, সরকার ৯০ (নববই) কার্যদিবসের মধ্যে লাইসেন্সী বরাবর সংশোধিত লাইসেন্স ইস্যু করিবে।

১০। সংশোধনের আবেদন।- (১) নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক সরকারের নিকট লাইসেন্সের শর্তাবলী সংশোধন করিবার আবেদন করিতে হইবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) প্রস্তাবিত পরিবর্তনের বিবরণ (উক্তরূপ পরিবর্তনের আগের এবং পরের পার্থক্য ব্যাখ্যা করিতে হইবে); এবং

(গ) পরিবর্তনের কারণ।

(২) ব্যবসা পরিকল্পনায় কোন পরিবর্তনের ক্ষেত্রে, বিধি ৪ এর উপ-বিধি (২) এ বর্ণিত কাগজপত্র, উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(৩) লাইসেন্সের শর্তাবলী সংশোধনের আবেদন বিধি-৫ এ বর্ণিত পদ্ধতিতে নিস্পত্তি করা হইবে।
১১। লাইসেন্স হস্তান্তর।- (১) লাইসেন্স ইস্যুর তারিখ হইতে ১০ (দশ) বৎসর অতিক্রান্ত না হইলে লাইসেন্স হস্তান্তরের আবেদন করা যাইবে না।
(২) আইনের ধারা ১০ এর বিধান মতে লাইসেন্স হস্তান্তর অথবা গ্রহণ করিতে ইচ্ছুক আবেদনকারী কর্তৃপক্ষ বরাবর নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষের স্বাক্ষরসহ আবেদন করিবে-

(ক) হস্তান্তরে ও হস্তান্তর গ্রহণে ইচ্ছুক পক্ষসমূহের নাম ও ঠিকানা;

(খ) হস্তান্তরিতব্য লাইসেন্সের রুট;

(গ) লাইসেন্স হস্তান্তরের মূল্য;

(ঘ) লাইসেন্স হস্তান্তরের কাঙ্খিত তারিখ; এবং

(ঙ) লাইসেন্স হস্তান্তরের কারণ।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ সংযুক্ত করিতে হইবে-

(ক) হস্তান্তর চুক্তির খসড়ার একটি অনুলিপি;

(খ) লাইসেন্স হস্তান্তর মূল্যের বিস্তারিত বিবরণী, মূল্য পরিশোধ ও আর্থিক কার্যক্রমের জন্য মোট তহবিলের পরিমাণ; এবং

(গ) হস্তান্তর গ্রহণে ইচ্ছুক পক্ষের মেট্রোরেল লাইসেন্স না থাকিলে বিধি ৪ এর উপ-বিধি (২) এর দফা (ঙ) এবং (চ) এবং উপ-বিধি (৩), (৪) ও (৫) এ বর্ণিত দলিলপত্র।

(৪) কর্তৃপক্ষ, উপ-বিধি (২) এর অধীন লাইসেন্স হস্তান্তরের আবেদন প্রাপ্ত হইবার পর উহা বাছাই কমিটির নিকট মূল্যায়নের জন্য প্রেরণ করিবে এবং বাছাই কমিটি যদি ইহা মনে করে যে, হস্তান্তর গ্রহণে ইচ্ছুক পক্ষ, বিধি ৬ এর শর্তাবলী পূরণ করিয়াছে তাহা হইলে এই মর্মে সরকারের নিকট সুপারিশ পেশ করিবে এবং সুপারিশ প্রাপ্ত হইবার পর সরকার লাইসেন্স হস্তান্তর অনুমোদন করিতে পারিবে।

১২। লাইসেন্স স্থগিতকরণ অথবা বাতিলকরণ।- (১) কর্তৃপক্ষ, লাইসেন্সীকে একটি নির্দিষ্ট মেয়াদের জন্য মেট্রোরেল পরিচালনা স্থগিত করিবার জন্য অথবা লাইসেন্সী নিম্নবর্ণিত কোন শ্রেণীর অন্তর্ভুক্ত হইলে লাইসেন্স বাতিল করিবার জন্য বাছাই কমিটির নিকট প্রতিবেদন প্রেরণ করিতে পারিবে, যদি-

(ক) লাইসেন্সীর আবেদনের প্রেক্ষিতে বিধি ১৪ এর অধীন সরকার মেট্রোরেল পরিচালনা বাতিলের অনুমোদন দিয়া থাকে;

(খ) লাইসেন্সী বিধি ২৫ এর অধীন দেওয়া কর্তৃপক্ষের আদেশ অথবা এইরূপ আদেশ প্রয়োগে গৃহীত পদক্ষেপসমূহ, অথবা লাইসেন্সের সাথে সংযুক্ত শর্তসমূহ অথবা অনুমোদন লঙ্ঘন করে;

(গ) যথাযথ কারণ ছাড়া লাইসেন্সী লাইসেন্স সংক্রান্ত বিষয়সমূহ অথবা অনুমোদন প্রদান করা হইয়াছে এমন সংশ্লিষ্ট বিষয়সমূহ সম্পাদন করিতে ব্যর্থ হয়; এবং

(ঘ) লাইসেন্সী বিধি ৮ এ উল্লিখিত কোন কারণে অযোগ্য হইয়া থাকে।

(২) বাছাই কমিটি উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনার পর যদি মনে করে যে, লাইসেন্স স্থগিত বা বাতিল করা যুক্তিযুক্ত তাহা হইলে কমিটি এ বিষয়ে সরকারের নিকট সুপারিশ পেশ করিবে এবং উক্তরূপ সুপারিশ প্রাপ্ত হইবার পর সরকার লাইসেন্স স্থগিত অথবা বাতিল করিবে।

১৩। পরিচালনাকারী কর্তৃক মেট্রোরেল পরিচালনা স্থগিতকরণের ঘোষণা।- (১) লাইসেন্সী সম্পূর্ণ মেট্রোরেল পরিচালনা বা ইহার কোন অংশ স্থগিত করিতে চাহিলে সেই সম্পর্কে কর্তৃপক্ষকে অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে অবহিত করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন স্থগিতকরণের মেয়াদ অনধিক ০১ (এক) বৎসর হইবে।

(৩) লাইসেন্সী উপ-বিধি (১) এর অধীন স্থগিতকৃত মেট্রোরেল পরিচালনা পুনরারম্ভের তারিখ কর্তৃপক্ষকে অবহিতপূর্বক পুনরারম্ভের পূর্বানুমোদন গ্রহণ করিবে এবং কর্তৃপক্ষ, আইন ও এই বিধি সাপেক্ষে তদ্‌কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে মেট্রোরেল পুনরারম্ভের পূর্বানুমোদন প্রদান করিতে পারিবে।

১৪। পরিচালনাকারী কর্তৃক মেট্রোরেল পরিচালনা বাতিলকরণের ঘোষণা।- (১) লাইসেন্সী তাহার লাইসেন্স বাতিল হওয়া পর্যন্ত মেট্রোরেল পরিচালনা অব্যাহত রাখিবে।

(২) লাইসেন্সী সম্পূর্ণ মেট্রোরেল পরিচালনা বা ইহার কোন অংশ বাতিল করিতে চাহিলে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখপূর্বক কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;
(খ) মেট্রোরেল বন্ধের কারণ এবং উহার পরিচালনার রুট ও পরিধি; এবং
(গ) বাতিল করার কাঙ্খিত তারিখ।

(৩) কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীনে বাতিলের ক্ষেত্রে জনসাধারণের সুবিধা নিশ্চিত করার ব্যাপারে সংশ্লিষ্ট স্থানীয় সরকার এবং স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিদের মতামতকে বিবেচনা করিবে।

(৪) কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন গৃহীত আবেদনপত্র এবং উপ-বিধি (৩) এর অধীন সংগৃহীত মতামত বাছাই কমিটির নিকট প্রেরণ করিবে এবং বাছাই কমিটির নিকট যদি ইহা প্রতীয়মান হয় যে, লাইসেন্স বাতিল করিলে জনগণের সুবিধা বিঘ্নিত হওয়ার কোন ঝুঁকি বিদ্যমান নাই তাহা হইলে সেই মর্মে সরকারের নিকট সুপারিশ পেশ করিবে এবং এরূপ সুপারিশ পাওয়ার পর সরকার লাইসেন্সীকে লাইসেন্স বাতিলের আগাম তারিখ জানাইবে এবং নির্ধারিত তারিখে লাইসেন্স বাতিল করিবে।

১৫। লাইসেন্স নবায়নের আবেদন।- (১) বিধি ৭ এর উপ-বিধি (৩) এ বর্ণিত লাইসেন্সের মেয়াদ অবসানের অন্যূন ৯০ (নববই) দিন পূর্বে লাইসেন্স নবায়নের আবেদন উপ-বিধি (৩) এ বর্ণিত ফিস সহ ফরম 'গ' অনুসারে কর্তৃপক্ষ বরাবর দাখিল করিতে হইবে।

(২) লাইসেন্স নবায়নের আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ সংযুক্ত করিতে হইবে, যথা:-

(ক) প্রাক্কলনের ভিত্তিসহ লাইসেন্সের বর্তমান এবং বর্ধিত মেয়াদের আয় ও ব্যয়;
(খ) লাইসেন্সের বর্তমান এবং বর্ধিত মেয়াদে নগদ অর্থ প্রবাহ;
(গ) বর্তমান লাইসেন্সের অনুলিপি;
(ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের অনুলিপি; এবং
(ঙ) নির্ধারিত নবায়ন ফিস জমার ব্যাংক-ড্রাফ্‌ট অথবা পে-অর্ডার।

(৩) আইনের বিধান সাপেক্ষে বিধি ১৭ এ উল্লিখিত লাইসেন্স ফিসের শতকরা ৫ (পাঁচ) ভাগ অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, শতকরা ১০ (দশ) ভাগ অর্থ কর্তৃপক্ষের অনুকূলে তফসিলভুক্ত কোন ব্যাংকের ব্যাংক-ড্রাফ্‌ট বা পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করিয়া ঐ ব্যাংক-ড্রাফ্‌ট বা পে-অর্ডার আবেদনপত্রের সহিত সংযুক্ত না করিলে লাইসেন্স নবায়নের আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

(৪) লাইসেন্সে উল্লিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে লাইসেন্স নবায়ন করিতে ব্যর্থ হইলে, মেয়াদ শেষ হইবার অন্যূন ৩ (তিন) মাসের মধ্যে, লাইসেন্স ফিসের শতকরা ১০ (দশ) ভাগ নবায়ন ফিস সহ, লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা যাইবে।

১৬। লাইসেন্স নবায়ন।- (১) লাইসেন্স নবায়নের আবেদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বিধি ৫ হইতে ৭ এর বিধান প্রযোজ্য হইবে।

(২) বিধি ৭ এর বিধান মতে লাইসেন্স নবায়ন করিবার ক্ষমতা সরকারের উপর ন্যস্ত হইবে।

১৭। লাইসেন্স ফিস।- আইনের বিধান স্বাপেক্ষে মেট্রোরেল স্থাপন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য লাইসেন্স ফিস বাবদ কর্তৃপক্ষের অনুকূলে তফসিলভুক্ত কোন ব্যাংকের ২,০০০,০০০,০০০ (দুইশ কোটি) টাকার ব্যাংক-ড্রাফ্‌ট বা পে-অর্ডার আবেদনপত্রের সহিত সংযুক্ত না করিলে আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৮। লাইসেন্স পুন:ইস্যু ফিস।- বিধি ১৭ এ উল্লিখিত লাইসেন্স ফিসের শতকরা ২ (দুই) ভাগ অর্থ কর্তৃপক্ষের অনুকূলে তফসিলভুক্ত কোন ব্যাংকের ব্যাংক-ড্রাফ্‌ট বা পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করিয়া ঐ ব্যাংক-ড্রাফ্‌ট বা

পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত না করিলে বিধি ২০ এর উপ-বিধি (৩) এর অধীন পুনঃইস্যুর আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৯। লাইসেন্স ফিস, নবায়ন ফিস, পুন:ইস্যু ফিস প্রত্যার্পণ।- বিধি ১৫(৩), বিধি ১৭ ও বিধি ১৮ এর অধীন লাইসেন্সের আবেদন বা নবায়নের আবেদন বা পুন:ইস্যুর আবেদন নামঞ্জুর হইলে কর্তৃপক্ষ, তদকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে আবেদন নামঞ্জুরের তারিখ হইতে অনধিক ৩ (তিন) মাসের মধ্যে আবেদনকারীকে সংশ্লিষ্ট আবেদনের বিপরীতে কর্তৃপক্ষের অনুকূলে জমাকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের সমুদয় অর্থ ফেরত প্রদান করিতে বাধ্য থাকিবে:
তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে জমাকৃত অর্থ হইতে অর্জিত কোনরূপ সুদ বা লভ্যাংশ প্রদান করা হইবে না।

২০। লাইসেন্স সংরক্ষণ ও প্রদর্শন।- (১) সরকার তদকর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের একটি মুদ্রিত সংস্করণ সংরক্ষণ করিবে এবং যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ ৫০০ (পাঁচশত) টাকা পরিশোধপূর্বক এই সংস্করণ পরিদর্শন বা ইহার অনুলিপি সংগ্রহ করিতে পরিবে।

(২) লাইসেন্সী যথাযথভাবে লাইসেন্স সংরক্ষণ করিবে এবং লাইসেন্স হারাইয়া গেলে, ধ্বংস অথবা ক্ষতিগ্রস্ত হইলে তাৎক্ষণিকভাবে সরকারকে অবহিত করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন লাইসেন্স হারাইয়া যাওয়া, ধ্বংস হওয়া বা ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয় সরকারকে অবহিত করার অব্যবহিত পর লাইসেন্সী লাইসেন্স পুন:ইস্যু করার জন্য ফরম 'ঘ' অনুসারে সরকার বরাবর আবেদন করিবে। সরকার এই বিধির বিধানাবলী অনুসরণপূর্বক আবেদন নিস্পত্তি করিবে।

(৪) লাইসেন্সী তাহার কোম্পানীর প্রধান কার্যালয়ের বোর্ড কক্ষের দেওয়ালে লাইসেন্সের একটি অনুলিপি বাঁধাইকৃত অবস্থায় ঝুলাইয়া প্রদর্শন করিবে এবং নির্বাহী পরিচালক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা পরিদর্শক চাহিবামাত্র লাইসেন্সের মূল কপি প্রদর্শন করিতে বাধ্য থাকিবে।

২১। মেট্রোরেল ব্যবস্থার ধরণ।- মেট্রোরেল ব্যবস্থার ধরণ বলিতে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে-

(১) সাধারণ মেট্রোরেল ব্যবস্থা (রেল ট্র্যাকের উপর দিয়ে চলাচল করে এমন);
(২) সাসপেন্ডেড (Suspended) পরিবহন ব্যবস্থা;
(৩) স্ট্রাডল্ড (Straddled) পরিবহন ব্যবস্থা;
(৪) গাইড-রেল (Guide-rail) পরিবহন ব্যবস্থা;
(৫) লেভিটেশন (Levitation) পরিবহন ব্যবস্থা; এবং
(৬) অন্য যে কোন নগর গণপরিবহন ব্যবস্থা।

২২। মেট্রোরেল ব্যবস্থার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ ।- মেট্রোরেল ব্যবস্থার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ হইবে-

(ক) একক অথবা দ্বৈত রেলট্র্যাক;
(খ) পরিচালন ব্যবস্থা; এবং
(গ) গেজ।

২৩। আর্থিক সামর্থ্য সম্পর্কিত প্রয়োজনীয় কাগজপত্র।- আর্থিক সামর্থ্য সংক্রান্ত কাগজপত্রে অন্তর্ভুক্ত হইবে-

(ক) আবেদনকারীর বিগত তিন বছরের রাজস্ব আয় এবং বিগত তিন বছরের ব্যয়ের হিসাবসহ প্রাক্কলন এবং এরূপ প্রাক্কলনের ভিত্তি;

(খ) নির্মাণ ব্যয়ের প্রাক্কলন;

(গ) নির্মাণ আরম্ভের জন্য প্রয়োজনীয় মোট তহবিলের পরিমাণ, আর্থিক কার্যক্রম এবং জমি ও সম্পত্তি সংগ্রহ;

(ঘ) বিগত তিন বছরের Cashflow সহ নগদ অর্থ প্রবাহের প্রাক্কলন; এবং

(ঙ) পূর্ববর্তী তিন অর্থ বৎসরের স্থিতিপত্র।

২৪। রুট বিন্যাসের নকশা।- রুট বিন্যাসের নকশা বলিতে তফসিল ১ এর বর্ণনাসহ (Specification) উল্লম্ব (Vertical) বিন্যাসের নকশা অন্তর্ভুক্ত হইবে।

২৫। মেট্রোরেল ব্যবসার উন্নয়ন সংক্রান্ত আদেশ।- কর্তৃপক্ষের নিকট যদি ইহা প্রতীয়মান হয় যে, লাইসেন্সী পর্যাপ্ত, নিরাপদ এবং সন্তোষজনক মেট্রোরেল ব্যবস্থা বা সেবা পরিচালনা করিতে ব্যর্থ হয় অথবা ব্যর্থ হইতে পারে, তাহা হইলে পরিদর্শকের প্রতিবেদনের সুপারিশ বিবেচনাক্রমে কর্তৃপক্ষ নিম্নবর্ণিত আদেশ প্রদান করিতে পারিবে-

(ক) ভাড়া সমন্বয়ের;

(খ) ট্রেন পরিচালনার স্কিম (Scheme) পরিবর্তনের;

(গ) মেট্রোরেল সুবিধার গঠন পদ্ধতি, মেট্রোরেল সুবিধার অথবা রোলিং স্টক (Rolling Stocks) কাঠামো অথবা ট্রেন পরিচালনার উন্নয়নের;

(ঘ) যাত্রীদের জন্য নিরাপদ এবং আরামদায়ক পরিবহন নিশ্চিতকল্পে ব্যবস্থা গ্রহণের; এবং

(ঙ) মেট্রোরেল সেবার সহিত জড়িত যে কোন ক্ষয়-ক্ষতি অন্তর্ভুক্ত করিতে বীমা বৃদ্ধি করার।

তৃতীয় অধ্যায়
প্রবেশাধিকার

২৬। প্রবেশাধিকারে বিধি-নিষেধ।- (১) আইনের ধারা ১৩ এর অধীন বিধি-নিষেধে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে-

(ক) কর্তৃপক্ষের অনুমতি;

(খ) সংশ্লিষ্ট ভূমি, স্থাপনার মালিককে পূর্ব অবহিতকরণ; এবং

(গ) সংশ্লিষ্ট ভূমি, স্থাপনার মালিক যাহার ক্ষতি হইয়াছে তাহাকে ক্ষতিপূরণ প্রদান।

(২) উপ-বিধি (১) এর দফা (ক) এর অধীন কোন লাইসেন্সী অনুমতি গ্রহণ করিতে চাহিলে তিনি কর্তৃপক্ষ বরাবর যে আবেদন জমা দিবেন উহাতে অন্তর্ভুক্ত হইবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) যে এলাকায় আবেদনকারী প্রবেশ করিতে ইচ্ছুক ঐ এলাকার বিস্তারিত বিবরণ; এবং

(গ) ঐ এলাকায় আবেদনকারী যে কার্যক্রম পরিচালনা করিবেন উহার বিবরণ।

(৩) কর্তৃপক্ষ, মেট্রোরেল ব্যবসার কার্যক্রম সম্পাদনের জন্য আবেদনকারীর উপ-বিধি (২) এ বর্ণিত এলাকায় প্রবেশের প্রয়োজনীয়তা আছে মর্মে সন্তুষ্ট হইলে আবেদনকারীকে ঐ উপ-বিধির দফা (গ) তে বর্ণিত কার্যক্রম পরিচালনার জন্য যুক্তিযুক্ত শর্তে প্রবেশাধিকারের অনুমতি প্রদান করিতে পারিবে।

(৪) উপ-বিধি (১) এর দফা (গ) এর অধীন সংশ্লিষ্ট ভূমি, স্থাপনায় অনুমোদিত কার্যক্রম পরিচালনা হইতে সাধারণভাবে উদ্ভুত ক্ষতির ক্ষতিপূরণ প্রদত্ত হইবে।

(৫) উপ-বিধি (১) এর দফা (গ) এর অধীন প্রদত্ত ক্ষতিপূরণ উভয়পক্ষের মধ্যে আলোচনার মাধ্যমে নির্ধারিত হইবে এবং আলোচনার মাধ্যমে ঐকমত্যে না পৌঁছাইতে পারিলে অথবা আলোচনা যুক্তিযুক্ত না হইলে যে কোন পক্ষ কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য আবেদন করিতে পারিবে।

(৬) কর্তৃপক্ষ উপ-বিধি (৫) এর অধীন সিদ্ধান্তের জন্য কোন আবেদন প্রাপ্ত হইলে সেই মর্মে অন্যপক্ষকে অবহিত করিবে এবং ঐ পক্ষকে সময়সীমা প্রদান পূর্বক লিখিত উত্তর প্রদানের সুযোগ দিবে।

(৭) কর্তৃপক্ষ উপ-বিধি (৫) এর অধীন সিদ্ধান্ত প্রদান করিলে উহা অবিলম্বে পক্ষগণকে অবহিত করিবে।

(৮) ক্ষতিপূরণের সিদ্ধান্ত গৃহীত হইলে উহাতে ক্ষতিপূরণের পরিমাণ এবং পরিশোধের সময় ও পদ্ধতি উল্লিখিত হইবে।

(৯) কোন পক্ষ উপ-বিধি (৫) অনুযায়ী নির্ধারিত ক্ষতিপূরণের পরিমাণে সংক্ষুব্ধ হইলে এইরূপ সিদ্ধান্ত জ্ঞাত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকার বরাবর আপীল দায়ের করিতে পারিবে।

(১০) উপ-বিধি (৯) এর অধীন দায়েরকৃত আপীল নিষ্পত্তির জন্য সরকার ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি আপীল কমিটি গঠন করিবে এবং এইরূপ গঠিত আপীল কমিটি তদকর্তৃক আপীল শুনানীর পদ্ধতি নির্ধারণ করিবে।

(১১) আপীল কমিটি কর্তৃপক্ষের সিদ্ধান্ত বহাল, রদ অথবা পরিবর্তন করিতে পারিবে এবং ক্ষতিপূরণ বিষয়ে আপীল কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত হইবে।

চতুর্থ অধ্যায়
কারিগরি অনুমোদন

২৭। কর্তৃপক্ষের মানদণ্ড পরিবর্তনের অনুমতি।- (১) কোন লাইসেন্সী আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) এ বর্ণিত অনুমতি গ্রহণ করিতে চাহিলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক কর্তৃপক্ষ বরাবর আবেদন করিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) কারিগরি মান পরিবর্তনের বিষয় এবং এলাকা;

(গ) কারিগরি মান পরিবর্তনের কারণ; এবং

(ঘ) কারিগরি মান পরিবর্তনের কারণে নিরাপত্তা এবং যাত্রীসেবা বিঘ্নিত হইবে না মর্মে নিশ্চয়তা।

(২) আবেদনে উল্লিখিত কর্তৃপক্ষের মানদণ্ড পরিবর্তন অনিবার্য হইলে কর্তৃপক্ষ উপ-বিধি (১) এ বর্ণিত আবেদনকারীর আবেদন মঞ্জুর করিবে।

২৮। মেট্রোরেল সুবিধার নির্মাণ পরিকল্পনার অনুমোদন।- (১) মেট্রোরেল সুবিধার নির্মাণ কাজ শুরু হওয়ার পূর্বে যে কোন লাইসেন্সী, কর্তৃপক্ষের নিকট হইতে মেট্রোরেল সুবিধার নির্মাণ পরিকল্পনার অনুমোদন গ্রহণ করিবে।

(২) যে কোন লাইসেন্সী উপ-বিধি (১) এর অধীন অনুমোদন গ্রহণের জন্য কর্তৃপক্ষ বরাবর বিধি ৩০ এ বর্ণিত আবেদনপত্র জমা দিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন আবেদনপত্র ৯০ (নববই) কার্যদিবসের মধ্যে মঞ্জুর করিবে যদি নির্মাণ পরিকল্পনা, ব্যবসা পরিকল্পনা ও কর্তৃপক্ষের মানদণ্ড অথবা বিশেষভাবে অনুমোদিত বর্ণনার (Exceptionally-Authorized Specification) সহিত সামঞ্জস্যপূর্ণ হয়।

২৯। মেট্রোরেল সুবিধা।- মেট্রোরেল সুবিধায় নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে-

(ক) অবকাঠামো এবং ট্র্যাকসমূহ;

(খ) স্টেশনসমূহ;

(গ) ডিপো এবং রক্ষণাবেক্ষণ ব্যবস্থা;

(ঘ) পরিচালনা নিরাপত্তা সুবিধাসমূহ;

(ঙ) সাব-স্টেশনসমূহ এবং অন্যান্য সুবিধাসমূহ; এবং

(চ) বৈদ্যুতিক লাইন সুবিধাসমূহ।

৩০। নির্মাণ পরিকল্পনা অনুমোদনের জন্য আবেদন।- (১) নির্মাণ পরিকল্পনা অনুমোদনের জন্য আবেদনপত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) নির্মাণ কাজ যে সেকশনে (Section) করা হইবে তাহার শুরু এবং শেষ; এবং

(গ) বিধি ৩১ এ বর্ণিত নির্মাণ পরিকল্পনা।

(২) উপ-বিধি (১) এর অধীনে উল্লিখিত আবেদনপত্রে নিম্নবর্ণিত দলিলপত্র এবং নকশাসমূহ (Drawings) সংযুক্ত থাকিবে-

(ক) তফসিল ২ এ বর্ণিত মেট্রোরেল সুবিধার ধরণ অনুযায়ী, দলিলপত্রসমূহ এবং নকশাসমূহ;

(খ) রেল ট্র্যাক বিন্যাসের নকশাসমূহ (Rail Track Alignment Drawings) এবং লাইনের কাজের জন্য ভূমির নকশা;

(গ) আনুমানিক খরচের পরিমাণ (Cost Estimate);

(ঘ) নির্মাণ কাজ শুরু এবং শেষের তারিখ; এবং

(ঙ) মেট্রোরেল সুবিধার, আন্তঃমুখী মেট্রোরেল অথবা অন্যান্য রেলপথ অতিক্রম কিংবা সংযুক্ত হওয়ার

সম্মতিপত্র অথবা চুক্তিপত্র।

(৩) নির্মাণ পরিকল্পনা অনুমোদনের আবেদনের জন্য লাইসেন্সী কর্তৃপক্ষ বরাবর পৃথকভাবে আবেদনপত্রসমূহ জমা দিতে পারিবে, যাহাই হউক তবে, আবেদনকারী-

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত সকল বিষয় বর্ণনা করিবে;

(খ) আবেদন পৃথক করার কারণ বর্ণনা করিবে;

(গ) উপ-বিধি (২) এ উল্লিখিত সকল দলিলপত্র এবং নকশাসমূহ সংযুক্ত করিবে; এবং

(ঘ) নির্মাণ কাজের অবশিষ্ট অংশের সংক্ষিপ্ত রূপরেখা বর্ণনা করে এমন সকল দলিলপত্র এবং নকশাসমূহ সংযুক্ত করিবে।

৩১। নির্মাণ পরিকল্পনা।- নির্মাণ পরিকল্পনার সহিত তফসিল ২ এ বর্ণিত মেট্রোরেল সুবিধার ধরণ অনুযায়ী সংশ্লিষ্ট সুবিধার বিষয়সমূহ অন্তর্ভূক্ত করিতে হইবে এবং মেট্রোরেল রুটের সেকশন (Section) অথবা অবস্থান অনুযায়ী কোন বিষয়ে ভিন্নতা থাকিলে তাহা পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।

৩২। রেল ট্র্যাক বিন্যাসের নকশা।- রেল ট্র্যাক বিন্যাসের নকশা বলিতে তফসিল ৩ এ বর্ণিত বিষয়সহ নিম্নের দুইটি বিষয়কে বুঝাইবে:

(ক) অনুভূমিক নকশা (Horizontal Drawing); এবং

(খ) উল্লম্ব নকশা (Vertical Drawing) ।

৩৩। নির্মাণ পরিকল্পনার পরিবর্তন।- (১) গৌণ পরিবর্তনের (Minor Alteration) ক্ষেত্র ছাড়া লাইসেন্সী মেট্রোরেল সুবিধার নির্মাণ পরিকল্পনায় পরিবর্তন করিতে চাহিলে তাহাকে অবশ্যই কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং এরূপ ক্ষেত্রে বিধি ২৮ এর উপ-বিধি (৩) এর বিধান প্রযোজ্য হইবে।

(২) গৌণ পরিবর্তন ঘটিলে লাইসেন্সী উহা কর্তৃপক্ষকে নোটিশের মাধ্যমে জানাইবে।

৩৪। নির্মাণ পরিকল্পনার পরিবর্তনের আবেদন।- (১) লাইসেন্সী অনুমোদিত মেট্রোরেল সুবিধার নির্মাণ পরিকল্পনা পরিবর্তন করিতে চাহিলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখ করিয়া কর্তৃপক্ষ বরাবর আবেদন করিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) প্রস্তাবিত পরিবর্তন; এবং

(গ) উল্লিখিত পরিবর্তন এর কারণ।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত বিধি ৩০ এর উপ-বিধি (২) এ উল্লিখিত নকশাসমূহ এবং দলিলপত্র প্রয়োজনীয় পরিমার্জনসহ সংযুক্ত করিতে হইবে যা মেট্রোরেল সুবিধার পরিবর্তিত নির্মাণ পরিকল্পনার উপযোগী হইবে।

(৩) উপ-বিধি (১) এর [illegible] ৫ এ [illegible]

৩৫। নির্মাণ পরিকল্পনার গৌণ পরিবর্তনের নোটিশ।- (১) বিধি ৩৩ এর উপ-বিধি (১) এ বর্ণিত গৌণ পরিবর্তন তফসিল ৪ এ তালিকাকৃত মেট্রোরেল সুবিধার শ্রেণী অনুযায়ী হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন লাইসেন্সী গৌণ পরিবর্তন করিতে চাহিলে কর্তৃপক্ষ বরাবর নিম্নবর্ণিতভাবে নোটিশ প্রদান করিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা; এবং

(খ) প্রস্তাবিত পরিবর্তন।

(৩) উপ-বিধি (১) এর অধীন নোটিশের ক্ষেত্রে বিধি ৩৪ এর উপ-বিধি (২) এর বিধান প্রযোজ্য হইবে।

৩৬। নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার অনুমোদন।- (১) যে কোন লাইসেন্সী মেট্রোরেল সুবিধার নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য বিধি ৩৮ এ বর্ণিত সময়সীমার পূর্বে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিবে।

(২) কোন লাইসেন্সী উপ-বিধি (১) এ বর্ণিত অনুমোদন গ্রহণের জন্য কর্তৃপক্ষ বরাবর বিধি ৩৯ এ বর্ণিত আবেদন দাখিল করিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-বিধি (২) এ বর্ণিত আবেদন গ্রহণের পর আইনের ধারা ২১ এর বিধানানুযায়ী পরিদর্শক নিয়োগ করিবে এবং তাহাকে আইনের ধারা ২২ এর বিধানানুযায়ী পরিদর্শনের নির্দেশ দিবে।

৩৭। পরিদর্শকের প্রতিবেদন ও কর্তৃপক্ষের অনুমোদন।- (১) পরিদর্শক কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক প্রতিবেদন দাখিল করিবেন-

(ক) অনুমোদিত নির্মাণ পরিকল্পনার সহিত সামঞ্জস্য;

(খ) কর্তৃপক্ষের মানদণ্ডের (Authority's Standard) সহিত অথবা বিশেষভাবে অনুমোদিত বর্ণনার (Exceptionally-Authorized Specification) সহিত সামঞ্জস্য; এবং

(গ) বিধি ২৭ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) তে উল্লিখিত বিষয়।

(২) কর্তৃপক্ষ, উপ-বিধি (১) এ উল্লিখিত সামঞ্জস্য এবং মেট্রোরেল সুবিধার ব্যবহার বা মেট্রোরেল সেবায় তাহা উন্মুক্ত করিয়া দেওয়ার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইবার পর, মেট্রোরেল সুবিধার নির্মাণ কাজ সম্পন্ন করিবার অনুমোদন প্রদান করিবে।

৩৮। পরিদর্শনের এলাকা ও সময়সীমা।- কার্য সম্পন্ন হওয়া সাপেক্ষে মেট্রোরেল সুবিধা সম্পর্কিত পরিদর্শন কার্যক্রম যে এলাকা ও সময়সীমার মধ্যে পরিচালনা করা হইবে তাহা নিম্নরূপ:

(ক) মেট্রোরেল এলাকার বাইরে অবস্থিত বিদ্যুৎ গ্রহণকারী ট্রান্সফরমারসমূহ ও বিদ্যুৎ নিয়ন্ত্রণকারী স্টেশনসমূহ ব্যতীত অন্য সকল সাব-স্টেশন ও সহায়ক সুবিধাসমূহ ও তদসহ মেট্রোরেল এলাকার বাইরে অবস্থিত বিদ্যুৎ সঞ্চালন লাইনসমূহ ব্যতীত বৈদ্যুতিক লাইনসমূহের সকল সুবিধার ক্ষেত্রে, বিদ্যুৎ চালুকরণের পূর্বে; এবং

(খ) দফা-ক এ বর্ণিত সাব-স্টেশনসমূহ ও সহায়ক সুবিধাসমূহ ব্যতীত অন্যবিধ সকল মেট্রোরেল সুবিধার ক্ষেত্রে, মেট্রোরেল সেবা ব্যবহার প্রারম্ভের পূর্বে।

৩৯। নির্মাণ কাজ সম্পন্ন হইবার অনুমোদনের আবেদন।- মেট্রোরেল সুবিধার নির্মাণ কাজ সম্পন্ন হইবার অনুমোদনের আবেদনপত্রে অন্তর্ভুক্ত হইবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) যে মেট্রোরেল সুবিধা পরিদর্শন করিতে হইবে তাহার বিবরণ;

(গ) মেট্রোরেল সুবিধা নির্মাণ কাজ সম্পন্ন হইবার তারিখ;

(ঘ) পরিদর্শন করিবার কাঙ্খিত তারিখ;

(ঙ) বিধি ৩৮ এর দফা (ক) এ উল্লিখিত বিদ্যুৎ চালু হওয়ার তারিখ; এবং

(চ) বিধি ৩৮ এর দফা (খ) এ উল্লিখিত মেট্রোরেল সুবিধার ক্ষেত্রে মেট্রোরেল সেবা ব্যবহার শুরুর তারিখ।

৪০। পরিদর্শন গ্রহণের জন্য প্রস্তুতি।- লাইসেন্সী মেট্রোরেল সুবিধা নির্মাণ কাজ সম্পন্ন হইবার পর পরিদর্শন গ্রহণ করিতে চাহিলে কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করিবে।

৪১। বিদ্যমান মেট্রোরেল সুবিধার পরিবর্তনের জন্য নির্মাণ পরিকল্পনার অনুমোদন।- (১) গৌণ পরিবর্তনের ক্ষেত্র ব্যতীত লাইসেন্সী বিদ্যমান মেট্রোরেল সুবিধা পরিবর্তন করিতে চাহিলে নিম্নবর্ণিত বিধান অনুযায়ী উক্ত পরিবর্তন সম্পর্কিত মেট্রোরেল সুবিধার নির্মাণ পরিকল্পনা তৈরি করিবে, এবং অনুরূপ নির্মাণ কাজ শুরুর পূর্বেই কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিবে।

(২) যে কোন লাইসেন্সী বিদ্যমান মেট্রোরেল সুবিধার কোন গৌণ পরিবর্তন করিতে চাহিলে সে বিষয়ে কর্তৃপক্ষকে জ্ঞাত করাইবে।

(৩) কর্তৃপক্ষ, লাইসেন্সী ব্যবসা পরিকল্পনা এবং কর্তৃপক্ষের মানদণ্ড (Authority's Standard) অথবা বিশেষভাবে অনুমোদিত বর্ণনার (Exceptionally-Authorized Specification) সহিত সামঞ্জস্য নিশ্চিত হইবার পর মেট্রোরেল সুবিধার পরিমার্জিত নির্মাণ পরিকল্পনার অনুমোদন প্রদান করিবে।

(৪) উপ-বিধি (১) হইতে (৩) এর বিধানমত অনুমোদিত অথবা নোটিশকৃত নির্মাণ পরিকল্পনার পরিবর্তনের অনুমোদনের জন্য বিধি ৩৩ হইতে বিধি ৩৫ এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

৪২। বিদ্যমান মেট্রোরেল সুবিধার পরিবর্তনের জন্য নির্মাণ পরিকল্পনার অনুমোদনের আবেদন।- (১) যে কোন লাইসেন্সী বিদ্যমান মেট্রোরেল সুবিধার পরিবর্তনের জন্য নির্মাণ পরিকল্পনার অনুমোদনের আবেদন করিতে চাহিলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র জমা দিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) বিদ্যমান মেট্রোরেল সুবিধার পরিবর্তন এর জন্য নির্মাণ পরিকল্পনা; এবং

(গ) উক্তরূপ পরিবর্তন এর কারণসমূহ।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনপত্রে বিধি ৩০ এর উপ-বিধি (২) এ উল্লিখিত দলিলপত্রসমূহ এবং নকশাসমূহ প্রয়োজনীয় পরিবর্তন সাপেক্ষে সংযুক্ত করিতে হইবে।

(৩) যে কোন লাইসেন্সী বিদ্যমান মেট্রোরেল সুবিধার পরিবর্তনের অনুমোদনের আবেদন করিতে চাহিলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক কর্তৃপক্ষ বরাবর পৃথকভাবে আবেদনপত্র জমা দিবে-

(ক) উপ-বিধি (১) এ বর্ণিত বিষয়াবলী;

(খ) আবেদনপত্র পৃথক করিবার কারণ;

(গ) উপ-বিধি (২) এ বর্ণিত দলিলপত্রসমূহ এবং নকশাসমূহ; এবং

(ঘ) বাকি কাজের সংক্ষিপ্ত নির্মাণ পরিকল্পনা নির্দেশক দলিলপত্রসমূহ এবং নকশাসমূহ।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত নির্মাণ পরিকল্পনায় তফসিল ২ এ মেট্রোরেল সুবিধার ধরণ অনুযায়ী বর্ণিত বিষয়াবলী উল্লেখ করিতে হইবে এবং সেকশন (Section) অথবা অবস্থান অনুযায়ী তফসিল ২ এর বর্ণনাসমূহ ভিন্ন হইলে অনুরূপ নির্মাণ পরিকল্পনা পৃথকভাবে তৈরি করিতে হইবে।

৪৩। বিদ্যমান মেট্রোরেল সুবিধার গৌণ পরিবর্তনের নোটিশ।- (১) বিধি ৪১ এর উপ-বিধি (১) এ বর্ণিত গৌণ পরিবর্তন তফসিল ৪ এর মেট্রোরেল সুবিধার ধরণের তালিকার অনুরূপ হইবে।

(২) যে কোন লাইসেন্সী উপ-বিধি (১) এর অধীন গৌণ পরিবর্তন করিতে চাহিলে কর্তৃপক্ষ বরাবর নিম্নবর্ণিত নোটিশ প্রদান করিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা; এবং

(খ) প্রস্তাবিত পরিবর্তন, দলিলপত্র এবং নকশাসমূহ অথবা মেট্রোরেল সুবিধার কোনরূপ ক্ষতির দলিলপত্র যাহা উক্তরূপ পরিবর্তনের আগের এবং পরের পার্থক্য ব্যাখ্যা করে।

(৩) উপ-বিধি (১) এ বর্ণিত নোটিশের ক্ষেত্রে বিধি ৩৪ এর উপ-বিধি (২) এর বিধান প্রযোজ্য হইবে।

৪৪। বিদ্যমান মেট্রোরেল সুবিধার পরিবর্তন সম্পন্ন হইবার অনুমোদন।- (১) যে কোন লাইসেন্সী তফসিল ৫ এ বর্ণিত মেট্রোরেল সুবিধার যে কোন পরিবর্তনের জন্য নির্মাণ কাজ সম্পন্ন করিবার পূর্বে বিধি ৩৮ এ উল্লিখিত সময়সীমার পূর্বে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিবে।

(২) যে কোন লাইসেন্সী উপ-বিধি (১) এ উল্লিখিত অনুমোদন গ্রহণের জন্য বিধি ৩৯ এর বিধানানুযায়ী কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-বিধি (২) অনুযায়ী আবেদন প্রাপ্ত হওয়ার পর উহা মূল্যায়ন পূর্বক উপযুক্ত ক্ষেত্রে অনুমোদন করিবে।

(৪) উপ-বিধি (৩) এ বর্ণিত মূল্যায়নের ক্ষেত্রে বিধি ৩৬ এর উপ-বিধি (৩), বিধি ৩৭ এবং বিধি ৪০ এর বিধান প্রযোজ্য হইবে।

৪৫। রোলিং স্টক **(Rolling Stock)** কাঠামোর অনুমোদন ।- (১) লাইসেন্সী মেট্রোরেল সেবা সরবরাহ করিবার জন্য রোলিং স্টক ব্যবহার করিতে চাহিলে ব্যবহার শুরু করিবার পূর্বে সে কর্তৃপক্ষের নিকট হইতে রোলিং স্টক কাঠামোর অনুমোদন গ্রহণ করিবে।

(২) কর্তৃপক্ষ, কর্তৃপক্ষের মানদণ্ড (Authority's Standard) অথবা বিশেষভাবে অনুমোদিত বর্ণনার (Exceptionally-Authorized Specification) সহিত সামঞ্জস্য সম্পর্কে নিশ্চিত হইবার পর রোলিং স্টক কাঠামোর অনুমোদন করিবে।

(৩) বিধি ৪৯ এ উল্লিখিত গৌণ পরিবর্তনের ক্ষেত্র ব্যতীত লাইসেন্সী মেট্রোরেল সেবা সরবরাহ করিবার জন্য উপ-বিধি (১) এর অধীন অনুমোদন প্রাপ্ত রোলিং স্টকের কাঠামো অথবা যন্ত্র (Device) পরিবর্তন করিতে হইলে কর্তৃপক্ষের নিকট হইতে অনুমোদন গ্রহণ করিবে।

(৪) লাইসেন্সী উপ-বিধি (৩) এ বর্ণিত রোলিং স্টকের গৌণ পরিবর্তনের বিষয়ে কর্তৃপক্ষকে আগাম নোটিশ প্রদান করিবে।

৪৬। রোলিং স্টক **(Rolling Stock)** কাঠামোর জন্য অনুমোদন প্রদানের ধরণ।- (১) লাইসেন্সী রোলিং স্টক কাঠামোর অনুমোদনের জন্য কর্তৃপক্ষ বরাবর আবেদন করিবে এবং কর্তৃপক্ষ লাইসেন্সীর জমাকৃত দলিলপত্র এবং নকশাসমূহের ভিত্তিতে আবেদনপত্র মূল্যায়ন করিবে।

(২) কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের অনুমোদন প্রদান করিবে-

(ক) রোলিং স্টক চলাচলের রুটের সেকশন অনুযায়ী; এবং

(খ) বিধি ৪৭ এর উপ-বিধি (১) এর (গ) অনুচ্ছেদে বর্ণিত রোলিং স্টকের ভিন্ন ভিন্ন কাঠামো এবং যন্ত্র (Device) থাকিলে আলাদাভাবে।

৪৭। রোলিং স্টক **(Rolling Stock)** কাঠামোর অনুমোদনের জন্য আবেদন।- (১) এই বিধির উপ-বিধি (২) এর ক্ষেত্র ব্যতীত লাইসেন্সী প্রস্তাবিত রোলিং স্টক কাঠামোর অনুমোদন প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ

উল্লেখপূর্বক কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র দাখিল করিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) রোলিং স্টক ব্যবহারের জন্য রুটের সেকশন (Section of route);

(গ) রোলিং স্টকের ধরণ এবং কোড; এবং

(ঘ) তফসিল ৬ এ বর্ণিত রোলিং স্টকের ধরণ অনুযায়ী কাঠামো এবং যন্ত্র (Device)।

(২) মেট্রোরেল সেবা প্রদানের জন্য রুটের ভিন্ন সেকশনে ব্যবহৃত হইবে, এরূপ প্রস্তাবিত রোলিং স্টক কাঠামোর অনুমোদন গ্রহণ করিতে হইলে, বিধি ৪৫ এর উপ-বিধি (৩) অনুযায়ী লাইসেন্সী নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র জমা দিবে-

(ক) আবেদনকারীর নাম, ঠিকানা, ফোন, ফ্যাক্স ও ইমেইল;

(খ) রোলিং স্টক ব্যবহারের জন্য রুটের সেকশন;

(গ) রোলিং স্টকের ধরণ এবং কোড; এবং

(ঘ) রোলিং স্টক অথবা যন্ত্র (Device) এর প্রস্তাবিত পরিবর্তন থাকিলে দলিলপত্রসমূহ এবং নকশাসমূহে বর্ণিত উক্তরূপ পরিবর্তনের আগের ও পরের অবস্থার মধ্যে পার্থক্যের ব্যাখ্যা।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন উল্লিখিত আবেদনপত্রে নিম্নবর্ণিত দলিলপত্র এবং নকশাসমূহ সংযুক্ত করিতে হইবে-

(ক) রোলিং স্টকের ফ্লোর অথবা আরোহণের ধাপসমূহের সহিত প্ল্যাটফর্মের সম্পর্ক নির্দেশক নকশা;

(খ) চাকাসমূহ এবং টার্নআউটের সহিত সম্পর্ক নির্দেশক নকশা;

(গ) নতুন ক্ষেত্রে অথবা পরিবর্তন থাকিলে ব্রেকিং কার্যকারিতার (Breaking efficiency) ক্যালকুলেশন শিট (Calculation Sheet); এবং

(ঘ) রোলিং স্টকের ভিতরের এবং চলাচল পথের পার্শ্ববর্তী এটিপি, এটিসি এবং এটিও ব্যবস্থার যন্ত্রের (Device) সহিত সম্পর্ক নির্দেশক দলিল এবং নকশা।

৪৮। রোলিং স্টক **(Rolling Stock)** কাঠামো বা যন্ত্রের **(Device)** পরিবর্তনের অনুমোদনের জন্য আবেদন।- (১) কোন লাইসেন্সী বিধি ৪৫ এর উপ-বিধি (৩) অনুযায়ী রোলিং স্টক কাঠামো বা যন্ত্রেও পরিবর্তন করিতে চাহিলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখ করিয়া কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র জমা দিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) রোলিং স্টকের ধরণ এবং কোড; এবং

(গ) পরিবর্তনের আগের এবং পরের অবস্থার মধ্যে পার্থক্য নির্দেশসহ প্রস্তাবিত পরিবর্তনসমূহ।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনপত্রে, কাঠামো অথবা যন্ত্রের পরিবর্তনসহ বিধি ৪৭ এর উপ-বিধি (৩) এ বর্ণিত সংশ্লিষ্ট দলিলপত্র এবং নকশাসমূহ সংযুক্ত করিতে হইবে।

৪৯। রোলিং স্টক **(Rolling Stock)** বা যন্ত্রের (**Device**) কাঠামো পরিবর্তন সম্পর্কিত নোটিশ।- (১) বিধি ৪৫ এর উপ-বিধি (৩) এ বর্ণিত গৌণ পরিবর্তনসমূহ তফসিল ৭ এর রোলিং স্টকের যন্ত্রের ধরণের তালিকা অনুযায়ী হইবে।

(২) লাইসেন্সী উপ-বিধি (১) এর অধীন গৌণ পরিবর্তন করিতে চাহিলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখ করিয়া কর্তৃপক্ষ বরাবর নোটিশ জমা দিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) রোলিং স্টকের ধরণ এবং কোড; এবং

(গ) প্রস্তাবিত পরিবর্তনসমূহ।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত নোটিশে প্রস্তাবিত পরিবর্তনসহ বিধি ৪৭ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত দলিলপত্র এবং নকশাসমূহ সংযুক্ত করিতে হইবে।

৫০। ট্রেন পরিচালনার পরিকল্পনা বা উহার পরিবর্তনের অনুমোদন।- (১) কোন লাইসেন্সীকে মেট্রোরেল সেবা প্রদানের জন্য এইরূপ সেবা প্রদানের পূর্বে ট্রেন পরিচালনার অথবা উহার পরিবর্তনের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) কর্তৃপক্ষ, নিম্নবর্ণিত বিষয়দ্বয়ের সহিত সামঞ্জস্য সম্পর্কে নিশ্চিত হইবার পর, ট্রেন পরিচালনার পরিকল্পনা অথবা উহা হইতে পরিবর্তনের অনুমোদন প্রদান করিবে, যথা:-

(ক) পরিকল্পনায় নিরাপত্তা সংশ্লিষ্ট কোন সমস্যা নাই; এবং

(খ) পরিকল্পনাটি লাইসেন্সীর ব্যবসা পরিকল্পনা বাস্তবায়নের জন্য যথোপযুক্ত।

৫১। ট্রেন পরিচালনার পরিকল্পনা বা উহার পরিবর্তনের অনুমোদনের জন্য আবেদন।- (১) লাইসেন্সী ট্রেন পরিচালনার পরিকল্পনা নির্ধারণ অথবা পরিবর্তন করিতে চাহিলে নিম্নবর্ণিত বিষয়াবলী উল্লেখপূর্বক কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র জমা দিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) নির্ধারিত অথবা পরিবর্তিত ট্রেন পরিচালনার পরিকল্পনার জন্য প্রযোজ্য রুটের সেকশন;

(গ) নির্ধারিত অথবা পরিবর্তিত ট্রেন পরিচালনার পরিকল্পনায় নিম্নলিখিত বিষয়সমূহ:

(অ) চলাচলের সর্বোচ্চ গতিসীমা;

(আ) ট্রেন পরিচালনার ডায়াগ্রামসহ নির্ধারিত ট্রেনসমূহের আগমন এবং প্রস্থানের সময়;

(ই) প্রতি ঘন্টা পরিচালনায় ট্রেনের সর্বোচ্চ সংখ্যা; এবং

(ঘ) বাস্তবায়নের তারিখ।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনপত্রে তফসিল ৮ এ বর্ণিত দলিলপত্র এবং নকশাসমূহ সংযুক্ত করিতে হইবে।

(৩) ট্রেনের যাতায়াতের সর্বোচ্চ গতি তফসিল ৮ এ উল্লিখিত তথ্য অনুযায়ী নির্ধারিত হইবে।

(৪) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদন, কর্তৃপক্ষ কারিগরী মান অনুসরণপূর্বক নিস্পত্তি করিবে।

পঞ্চম অধ্যায়

নিরাপত্তা ব্যবস্থাপনা

৫২। নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি নির্ধারণ, ইত্যাদি।- (১) যে কোন লাইসেন্সী নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি নির্ধারণ করিবে এবং কর্তৃপক্ষকে লিখিতভাবে তাহা জানাইবে এবং নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতিতে কোন প্রকার পরিবর্তনের ক্ষেত্রেও একই বিধান প্রযোজ্য হইবে।

(২) কর্তৃপক্ষ, নিম্নবর্ণিত এবং তফসিল ৯ এ উল্লিখিত বিষয়সমূহের ক্ষেত্রে নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতির কোড অব প্র্যাকটিস (Code of Practice) নির্ধারণ করিবে-

(ক) পরিবহনের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্যে মেট্রোরেল পরিচালনার নীতিমালা;

(খ) পরিবহনের নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে মেট্রোরেল পরিচালনা বাস্তবায়নের জন্য সাংগঠনিক ব্যবস্থা এবং ইহার ব্যবস্থাপনা কাঠামো;

(গ) পরিবহনের নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে মেট্রোরেল পরিচালনা বাস্তবায়নের পদ্ধতি এবং ইহার ব্যবস্থাপনা স্কিম;

(ঘ) নিরাপত্তা ব্যবস্থাপক নিয়োগ, যিনি দফা (ক)-(গ) এ উল্লিখিত কার্যক্রম ব্যবস্থাপনার জন্য লাইসেন্সী কর্তৃক নিয়োগপ্রাপ্ত একজন ব্যক্তি যিনি মেট্রোরেল পরিচালনা ব্যবস্থাপনা সম্পর্কিত সিদ্ধান্ত নিবেন এবং যাহার সুনির্দিষ্ট যোগ্যতা রহিয়াছে, যেমন- পর্যাপ্ত বাস্তব কাজের অভিজ্ঞতা এবং বিধি ৫৪ এ বর্ণিত অন্যান্য যোগ্যতা; এবং

(ঙ) পরিচালনা ব্যবস্থাপক নিয়োগ, যিনি লাইসেন্স গ্রহণকারী কর্তৃক নিয়োগপ্রাপ্ত একজন ব্যক্তি যাহার সুনির্দিষ্ট যোগ্যতা যেমন- পর্যাপ্ত বাস্তব কাজের অভিজ্ঞতা রহিয়াছে এবং বিধি ৫৫ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী পূরণ করিয়াছেন এবং যাহার দায়িত্ব হইবে ট্রেন পরিচালনা ব্যবস্থাপনা করা, ট্রেন পরিচালনা ক্রু'দের সক্ষমতা বজায় রাখা এবং দফা (খ) এবং (গ) এ উল্লিখিত ট্রেন পরিচালনা সংক্রান্ত অন্যান্য দায়িত্ব সম্পাদন করা।

(৩) উপ-বিধি (২) এর অধীন নির্ধারিত কোড অব প্র্যাকটিস (Code of Practice), লাইসেন্সীসহ সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করিতে হইবে।

(৪) যদি, কর্তৃপক্ষের মত অনুযায়ী প্রতীয়মান হয় যে, নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি উপ-বিধি (২) এর বিধানের সহিত অথবা প্রবিধানমালার সহিত সামঞ্জস্যপূর্ণ নয়, তবে কর্তৃপক্ষ, লাইসেন্সীকে নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতির উন্নতি সাধনের জন্য নির্দেশ দিতে পারিবে।

(৫) লাইসেন্সী নিরাপত্তা ব্যবস্থাপক এবং পরিচালনা ব্যবস্থাপক নিয়োগ দিবে।

(৬) নিরাপত্তা ব্যবস্থাপক (Safety Manager) এবং পরিচালনা ব্যবস্থাপক (Operations Manager) নিয়োগ অথবা অপসারণের ক্ষেত্রে লাইসেন্সী বিধি ৫৬ অনুযায়ী লিখিতভাবে অনতিবিলম্বে কর্তৃপক্ষকে তাহা জানাইবে।

(৭) পরিবহনের নিরাপত্তা নিশ্চিত করিতে তাহার দায়িত্ব পালনের ক্ষেত্রে লাইসেন্স গ্রহণকারী নিরাপত্তা ব্যবস্থাপকের মতামতকে যথাযথ গুরুত্ব দিবে।

(৮) কর্তৃপক্ষ, নিরাপত্তা ব্যবস্থাপক (Safety Manager) অথবা পরিচালনা ব্যবস্থাপককে (Operations Manager) দায়িত্ব অবহেলা অথবা পরিবহনের নিরাপত্তাকে মারাত্মকভাবে বাধাগ্রস্ত করার জন্য অপসারণ করিতে লাইসেন্স গ্রহণকারীকে নির্দেশ দিতে পারিবে।

৫৩। নিরাপত্তা ব্যবস্থাপনা নির্ধারণের আবেদন, ইত্যাদি।- (১) লাইসেন্সী নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি নির্ধারণ করিতে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখ করিয়া কর্তৃপক্ষ আবেদন জমা দিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা; এবং

(খ) বাস্তবায়নের তারিখ।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন পত্রে নিম্নবর্ণিত দলিলপত্র সংযুক্ত করিতে হইবে-

(ক) নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি; এবং

(খ) ব্যবস্থায় উল্লিখিত অন্যান্য প্রয়োজনীয় বিষয় সংবলিত দলিলপত্র।

(৩) লাইসেন্সী নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি নির্ধারণ করিতে মেট্রোরেল ব্যবসার ধরণ অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে জমা দিবে-

(ক) লাইসেন্সী কর্তৃক মেট্রোরেল সুবিধা নির্মাণ করার ক্ষেত্রে- বিধি ৩০ এর অধীন প্রথম মেট্রোরেল সুবিধার 'নির্মাণ পরিকল্পনা' এর অনুমোদনের জন্য আবেদনের তারিখ;

(খ) লাইসেন্সী কর্তৃক নতুন রোলিং স্টক নির্মাণ করার ক্ষেত্রে- বিধি ৪৭ এর অধীন প্রথম রোলিং স্টকের কাঠামোগত নকশা (Structural Design) অনুমোদনের জন্য আবেদনের তারিখ; এবং

(গ) লাইসেন্সী কর্তৃক মেট্রোরেল সেবা প্রদানের ক্ষেত্রে- বিধি ৫১ এর অধীন উল্লিখিত প্রথম ট্রেন এর জন্য ট্রেন পরিচালনার পরিকল্পনা অনুমোদনের নিমিত্ত আবেদনের তারিখ।

(৪) কোন লাইসেন্সী নিরাপত্তা ব্যবস্থাপনার পদ্ধতিতে যে কোন পরিবর্তন ঘটাইতে চাহিলে, পরিমার্জিত নিরাপত্তা ব্যবস্থাপনার পদ্ধতি প্রয়োগ হওয়ার তারিখের মধ্যে নিম্নবর্ণিত বিষয় উল্লেখপূর্বক কর্তৃপক্ষ বরাবর আবেদনপত্র জমা দিবে-

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা;

(খ) প্রয়োগের তারিখ; এবং

(গ) উক্তরূপ পরিবর্তনের কারণসমূহ।

(৫) উপ-বিধি (৪) এর অধীন আবেদনপত্রে নিম্নবর্ণিত দলিলপত্র সংযুক্ত করিতে হইবে-

(ক) পরিমার্জিত নিরাপত্তা ব্যবস্থাপনার পদ্ধতি;

(খ) উক্তরূপ পরিবর্তনসমূহের আগের এবং পরের অবস্থার মধ্যকার পার্থক্য ব্যাখ্যাকারী ছক; এবং

(গ) পরিমার্জিত নিরাপত্তা ব্যবস্থাপনার পদ্ধতির জন্য নির্ধারিত প্রয়োজনীয় বিষয়াবলী বর্ণনাকারী অন্যান্য দলিলপত্র।

৫৪। নিরাপত্তা ব্যবস্থাপকের যোগ্যতাসমূহ।- নিরাপত্তা ব্যবস্থাপকের নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে-

(ক) নিরাপত্তা ব্যবস্থাপনার কর্মকাণ্ডসমূহ সম্পাদনের যথাযথ জ্ঞান;

(খ) লাইসেন্স গ্রহীতা প্রতিষ্ঠানে নিরাপত্তা ব্যবস্থাপনার কর্মকাণ্ডসমূহ পরিচালনার ক্ষমতা; এবং

(গ) দুই বৎসরের মধ্যে যিনি বিধি ৫২ এর উপ-বিধি (৮) এর অধীন অপসারিত হন নাই।

৫৫। পরিচালনা ব্যবস্থাপকের যোগ্যতাসমূহ।- পরিচালনা ব্যবস্থাপকের নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে-

(ক) মেট্রোরেল পরিচালনার কর্মকাণ্ডসমূহ সম্পাদনের পর্যাপ্ত জ্ঞান;

(খ) লাইসেন্সী প্রতিষ্ঠানে ট্রেন পরিচালনা ব্যবস্থাপনা করা, ট্রেন চালকদের সক্ষমতা বজায় রাখা এবং বিধি ৫২ এর উপ-বিধি (২) এর দফা (খ) এবং (গ) এ উল্লিখিত ট্রেন পরিচালনা সংক্রান্ত অন্যান্য দায়িত্ব সম্পাদন করার সক্ষমতা; এবং

(গ) বিগত দুই বৎসরের মধ্যে যিনি বিধি ৫২ এর উপ-বিধি (৮) এর অধীন অপসারিত হন নাই।

৫৬। নিরাপত্তা ব্যবস্থাপক অথবা পরিচালনা ব্যবস্থাপকের নিয়োগ অথবা অপসারণের নোটিশ।- (১) লাইসেন্সী কোন নিরাপত্তা ব্যবস্থাপক অথবা পরিচালনা ব্যবস্থাপককে নিয়োগ অথবা অপসারণ করিতে চাহিলে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক কর্তৃপক্ষ বরাবর নোটিশ প্রদান করিবেন-

(ক) লাইসেন্সীর নাম ও ঠিকানা;

(খ) নিয়োগপ্রাপ্ত অথবা অপসারিত নিরাপত্তা ব্যবস্থাপক অথবা পরিচালনা ব্যবস্থাপকের নাম;

(গ) নিয়োগ অথবা অপসারণের তারিখ; এবং

(ঘ) অপসারণের কারণ।

(২) উপ-বিধি (১) এর অধীন উল্লিখিত নোটিশের ধরণ অনুযায়ী নিম্নবর্ণিত দলিলপত্র সংযুক্ত করিতে হইবে:

(ক) স্থলাভিষিক্ত নিরাপত্তা ব্যবস্থাপকের নিয়োগের ক্ষেত্রে- এমন দলিলপত্র যাহা নির্বাচিত ব্যক্তি মেট্রোরেল সেবার ব্যবস্থাপনা পদে থাকার এবং বিধি ৫৪ এ বর্ণিত যোগ্যতা বিদ্যমান
আছে মর্মে সন্তোষজনকভাবে প্রত্যায়িত করে।

(খ) স্থলাভিষিক্ত পরিচালনা ব্যবস্থাপকের নিয়োগের ক্ষেত্রে- এমন দলিলপত্র যাহা নির্বাচিত ব্যক্তির বিধি ৫৫ এ বর্ণিত যোগ্যতা বিদ্যমান আছে মর্মে সন্তোষজনকভাবে প্রত্যায়িত করে।

৫৭। চালক নির্দেশন ব্যবস্থাপক **(Driver Instruction Manager)**।- (১) মেট্রোরেল সেবা প্রদান করার জন্য লাইসেন্সী, চালকদের ফিটনেস, জ্ঞান, দক্ষতা এবং অন্যান্য যোগ্যতা বজায় রাখা এবং বৃদ্ধি করিবার জন্য পরিচালনা ব্যবস্থাপকের কর্মকাণ্ডে সহায়তা করিতে প্রতিটি চালক অফিসে একজন চালক নির্দেশন ব্যবস্থাপক নিয়োগ প্রদান করিবে।

(২) চালক নির্দেশন ব্যবস্থাপক, পরিচালনা ব্যবস্থাপকের কর্মকাণ্ড সহায়তা করিবেন এবং ট্রেন চালকদের যোগ্যতা বজায় রাখিতে সর্বোত্তমভাবে চেষ্টা করিবেন।

ষষ্ঠ অধ্যায়

ভাড়া

৫৮। ভাড়া নির্ধারণ কমিটির সদস্যদের যোগ্যতা।- নির্বাহী পরিচালক ব্যতীত ভাড়া নির্ধারণ কমিটির অন্যান্য সদস্যগণের নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে-

(অ) গণপরিবহন সম্পর্কিত যে কোন কাজে অন্যূন এক বৎসরের কর্মঅভিজ্ঞতা;

(আ) প্রজাতন্ত্রের চাকুরীতে অথবা গণপরিবহন সম্পর্কিত কোন সমিতিতে কর্মঅভিজ্ঞতা;

(ই) নৈতিক স্খলনজনিত কোন ফৌজদারী অপরাধে দন্ডপ্রাপ্ত না হওয়া বা কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত না হওয়া; এবং

(ঈ) বাংলাদেশের নাগরিক, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা, অথবা বাংলাদেশের ডমিসাইল ।

৫৯। ভাড়া নির্ধারণ কমিটির সুপারিশ।- (১) ভাড়া নির্ধারণ কমিটি বৎসরে অন্যূন একবার যাত্রী কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ এবং সর্বনিম্ন ভাড়ার হার বিবেচনাক্রমে সরকারের নিকট উহার সুপারিশ পেশ করিবে।

(২) ভাড়া নির্ধারণ কমিটি, মেট্রোরেলের ভাড়ার হার নির্ধারণের সুপারিশের জন্য আইনের ধারা ১৮ এর উপ-ধারা (২) এর বিধান প্রতিপালনপূর্বক নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করিতে পারিবে-

(ক) সামাজিক ন্যায়পরতা এবং জনসাধারণ কর্তৃক পরিশোধ সক্ষম মূল্য;

(খ) সর্বোচ্চ ভাড়ার হারের জন্য উপযুক্ত মূল্যে এবং সুবিধায় টেকসই মেট্রোরেল সেবা প্রদান অব্যাহত রাখা;

(গ) সর্বনিম্ন ভাড়া হারে অন্যান্য গণপরিবহনের সহিত সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিত করা;

(৩) মেট্রোরেল সেবা প্রদানের জন্য সর্বোচ্চ এবং সর্বনিম্ন ভাড়ার হার নির্ধারিত হইবে নিম্নলিখিত বিষয়ের উপর ভিত্তি করিয়া-

(ক) রুট এবং আরোহণের দূরত্ব; এবং

(খ) প্রাপ্তবয়স্ক, শিশু, বৃদ্ধ এবং প্রতিবন্ধী ব্যক্তিগণ।

(৪) ভাড়া নির্ধারণ কমিটি ইহার অধিকাংশ সদস্যের মত অনুযায়ী সরকারের নিকট ভাড়ার হার নির্ধারণের সুপারিশ করিবে।

৬০। ভাড়া নির্ধারণ।- (১) সরকার ভাড়া নির্ধারণ কমিটির সুপারিশ অনুযায়ী তাৎক্ষণিকভাবে সর্বোচ্চ এবং সর্বনিম্ন ভাড়ার হার সংক্রান্ত ইহার নির্দেশনা কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

(২) কর্তৃপক্ষ সরকারের নির্দেশনা অনুযায়ী সর্বোচ্চ এবং সর্বনিম্ন ভাড়ার হারের মধ্যবর্তী ভাড়া সাধারণ ভাড়া হিসাবে নির্ধারণ করিবে।

৬১। ভাড়া সংগ্রহ ইত্যাদি।- (১) লাইসেন্সী ভাড়া পণ্য (Fare Product) প্রবর্তন করিতে পারিবে যাহা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন এবং সর্বোচ্চ সীমার মধ্যে থাকিবে।

(২) শুধুমাত্র লাইসেন্সী অথবা তদকর্তৃক মনোনীত কোন ব্যক্তি মেট্রোরেল যাত্রী হইতে বিধি ৬০ এর উপ-বিধি (২) এর অধীন নির্ধারিত ভাড়া অথবা উপ-বিধি (১) এর অধীন ভাড়া পণ্য আদায় করিতে পারিবে।

৬২। ভাড়া পর্যালোচনার আবেদন।- (১) আকস্মিক মুদ্রাস্ফীতি অথবা দ্রব্যমূল্য বৃদ্ধি ইত্যাদির কারণে ভাড়া পর্যালোচনার প্রয়োজন হইলে লাইসেন্সী ভাড়া নির্ধারণ কমিটি বরাবর মেট্রোরেলের ভাড়া পর্যালোচনার জন্য আবেদন করিতে পারিবে।

(২) ভাড়া নির্ধারণ কমিটি উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনাযোগ্য হইলে বিধি ৫৯ এর বিধান মতে মেট্রোরেলের ভাড়া নির্ধারণের সুপারিশ করিবে।

সপ্তম অধ্যায়

আপীল ইত্যাদি

৬৩। আপীল কর্তৃপক্ষ।- (১) আইনের ধারা ২৪ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি আপীল কর্তৃপক্ষ গঠন করিবে।

(ক) সরকারের সচিব পদমর্যাদায় কর্মরত অথবা অবসরপ্রাপ্ত একজন কর্মকর্তা (সচিব পদমর্যাদার নিম্নে নয়), যিনি আপীল কর্তৃপক্ষের সভাপতিও হইবেন;

(খ) সরকারের যুগ্ম সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত ঐ বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল অথবা পুরকৌশল অথবা তড়িৎ কৌশল বিভাগের একজন অধ্যাপক; এবং

(ঙ) বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কর্তৃক মনোনীত যুগ্ম সচিব পর্যায়ের একজন কর্মকর্তা।

(২) উপ-বিধি (১) এর অধীন নিয়োগপ্রাপ্ত সভাপতির কার্যকাল হইবে ৪ (চার) বৎসর এবং তিনি এক মেয়াদের জন্য নিয়োগ লাভ করিবেন।

(৩) সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে সভাপতি বা সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন; এবং যদি সরকার এই মর্মে সন্তুষ্ট হয় যে, সভাপতি বা সদস্য গুরুতর অসদাচরণ কিংবা শারীরিক বা মানসিক অক্ষমতার কারণে তাঁহার পদে বহাল থাকার অযোগ্য হইয়া পড়িয়াছেন, তাহা হইলে সরকার যে কোন সময় তাঁহাকে তাঁহার পদ হইতে অপসারণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদান না করিয়া এই উপ-ধারার অধীনে সভাপতি বা সদস্যকে তাঁহার পদ হইতে অপসারণ করা যাইবে না।

৬৪। আপীল।- (১) আইনের ধারা ২৪ এর উপ-ধারা (১) এর অধীন দায়েরকৃত আপীলে আপত্তির কারণসমূহ সংক্ষেপে ও স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

(২) প্রতিটি আপীলের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র থাকিতে হইবে, যথাঃ-

(অ) যে আদেশ বা নির্দেশের বিরূদ্ধে আপীল করা হইতেছে উহার একটি করিয়া প্রমাণকৃত কপি;

(আ) আপীল ফিস বাবদ এক হাজার টাকা জমা প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারী চালান; এবং

(ই) আপীলের সহিত সম্পর্কযুক্ত অন্য কোন কাগজাদি।

৬৫। আপীল কর্তৃপক্ষ কর্তৃক অনুসরণীয় পদ্ধতি।- (১) আপীল কর্তৃপক্ষ তাহাদের অফিসের কার্যভার এবং প্রতিপক্ষের প্রতি নোটিশ জারির জন্য প্রয়োজনীয় সময় বিবেচনা করিয়া আপীল শুনানীর জন্য একটি দিন ধার্য করিবে।

(২) কর্তৃপক্ষ বরাবরে আপীল কর্তৃপক্ষ আপীল শুনানীর তারিখ উল্লেখ করিয়া আপীলের কপিসহ নোটিশ প্রেরণ করিবে।
(৩) আপীল কর্তৃপক্ষ আপীল নিষ্পত্তির সুবিধার্থে প্রয়োজনীয় সকল কাগজ, তথ্যাদি যে কোন সময় আপীলকারী বা প্রতিপক্ষের নিকট হইতে তলব করিতে পারিবে।

৬৬। আপীল শুনানীর পদ্ধতি।– (১) শুনানীর জন্য নির্ধারিত তারিখে, অথবা শুনানী মুলতবী হইলে পরবর্তী তারিখে আপীলের সমর্থনে আপীলকারীর বক্তব্য শ্রবণ করা হইবে।
(২) শুনানীর জন্য ধার্য তারিখে অথবা শুনানী মুলতবী হইলে পরবর্তী তারিখে আপীল শুনানীর জন্য ডাক পড়িলে যদি আপীলকারী হাজির না হয়, তাহা হইলে আপীল কর্তৃপক্ষ আপীল খারিজের আদেশ দান করিতে পারিবে।
(৩) যদি আপীলকারী হাজির হয়, কিন্তু প্রতিপক্ষ হাজির না হয় তবে একতরফাভাবে আপীলের শুনানী হইবে।
(৪) আপীল কর্তৃপক্ষ, পক্ষগণ বা কোন এক পক্ষের শুনানীর পর তর্কিত আদেশ, নির্দেশ বা জরিমানা অনুমোদন, রদবদল বা বাতিল করিতে পারিবে।
(৫) আপীল কর্তৃপক্ষ, আপীল দায়েরের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল নিষ্পত্তি করিবে।
(৬) আপীল কর্তৃপক্ষ তাহার সিদ্ধান্তের অনুকূলে যুক্তিযুক্ত কারণ লিপিবদ্ধ করিবে এবং আপীলকারী কি প্রতিকার প্রাপ্য হইবেন তাহা উল্লেখ করিবে।
(৭) আপীল কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশের কপি যথাশীঘ্র সম্ভব আপীলকারী, কর্তৃপক্ষ ও সরকার বরাবর প্রেরণ করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ফরম-ক

[বিধি ৪ দ্র:]

লাইসেন্সের জন্য আবেদনপত্র

১। আবেদনকারীর নাম:
নিবন্ধন নং:
ঠিকানা :
ফোন:
ফ্যাক্স:
ইমেইল:

২। লাইসেন্স ফিস হিসাবে জমাকৃত অর্থের ব্যাংক-ড্রাফ্‌ট বা পে-অর্ডার নং (আইনের ধারা ৯ এ উল্লিখিত শর্তাংশের ক্ষেত্রে প্রযোজ্য নহে):

৩। মেট্রোরেল এলাকার বিবরণ:

৪। মেট্রোরেল ব্যবসার বিবরণ (মেট্রোরেল ব্যবস্থা স্থাপন/ উন্নয়ন/ পরিচালনা বা উক্ত ব্যবস্থার কোন স্থাপনা নির্মাণ কার্যক্রম পরিচালনা/ মেট্রোরেল সেবা প্রদান অথবা সেই লক্ষ্যে কোন যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনা):
৫। মেট্রোরেল পরিচালনার মেয়াদ:
৬। ব্যবসা পরিকল্পনা-
(ক) মেট্রোরেল ব্যবস্থার ধরণ:
(খ) মেট্রোরেল ব্যবস্থার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ:
(অ) একক অথবা দ্বৈত রেল ট্র্যাক;
(আ) পরিচালন ব্যবস্থা; এবং
(ই) গেজ।
(গ) সর্বোচ্চ পরিকল্পিত গতি:
(ঘ) দৈনন্দিন পরিকল্পিত পরিবহন ক্ষমতা:
(ঙ) স্টেশনসমূহের নাম এবং অবস্থানসমূহ:

*আবেদনপত্রের সহিত একজন আবেদনকারী বিধি ৪ এর উপ-বিধি (২) এবং ক্ষেত্রবিশেষে (৩)-(৫) এ বর্ণিত কাগজপত্র দাখিল করিবে।

সত্যপাঠ

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোন মিথ্যা তথ্য দাখিল করি নাই।
পরবর্তীতে কোন তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারী পক্ষে অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর

সীলমোহর

তারিখ ..... ইং
..... বাং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ফরম-খ

[বিধি ৭ দ্র:]
মেট্রোরেল লাইসেন্স

লাইসেন্স নং :
ইস্যুর তারিখ:
মেয়াদ উত্তীর্ণের তারিখ:
নবায়নের তারিখ:
নবায়নকৃত লাইসেন্সের:
মেয়াদ উত্তীর্ণের তারিখ:

১। লাইসেন্সীর নাম:
কোম্পানীর নিবন্ধন নং:
ঠিকানা:
ফোন:
ফ্যাক্স:
ইমেইল:

২। মেট্রোরেলের রুট:

---------- হইতে---------- পর্যন্ত ---------- মধ্যদিয়া----------এবং

৩। মেট্রোরেল ব্যবসার পরিধি (মেট্রোরেল ব্যবস্থা স্থাপন/ উন্নয়ন/ পরিচালনা বা উক্ত ব্যবস্থার কোন স্থাপনা নির্মাণ কার্যক্রম পরিচালনা/ মেট্রোরেল সেবা প্রদান অথবা সেই লক্ষ্যে কোন যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনা):

৪। লাইসেন্সের মেয়াদঃ বঙ্গাব্দ তারিখ হইতে বঙ্গাব্দ তারিখ পর্যন্ত
খ্রীষ্টাব্দ তারিখ হইতে খ্রীষ্টাব্দ তারিখ পর্যন্ত

৫। ব্যবসা পরিকল্পনা-

(ক) মেট্রোরেল ব্যবস্থার ধরণ:

(খ) মেট্রোরেল ব্যবস্থার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ:

(অ) একক অথবা দ্বৈত রেল ট্র্যাক;

(আ) পরিচালন ব্যবস্থা; এবং

(ই) গেজ।

(গ) সর্বোচ্চ পরিকল্পিত গতি:

(ঘ) পরিকল্পিত পরিবহন ক্ষমতা:

(ঙ) স্টেশনসমূহের নাম এবং অবস্থানসমূহ:

লাইসেন্সের শর্তাবলী:

(1) লাইসেন্সী নিজ কোম্পানীর অথবা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের বোর্ডকক্ষের দেওয়ালে অথবা কোন দৃষ্টিগ্রাহ্য স্থানে লাইসেন্সের একটি অনুলিপি বাঁধাইকৃত অবস্থায় ঝুলাইয়া প্রদর্শন করিবে এবং নির্বাহী পরিচালক অথবা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বা পরিদর্শক চাহিবামাত্র লাইসেন্সের মূল কপি প্রদর্শন করিতে বাধ্য থাকিবে।

(2) লাইসেন্সী, পরিদর্শককে মেট্রোরেলের লাইসেন্সের মেয়াদ, যন্ত্রপাতি ও সরঞ্জামের গুণগতমান, নিরাপত্তা ব্যবস্থা ও যাত্রী সেবার মান পরীক্ষা-নিরীক্ষার উদ্দেশ্যে মেট্রোরেল এলাকার যে কোন স্থানে প্রবেশ করিতে দিতে বাধ্য থাকিবে।

(3) লাইসেন্সী, পরিদর্শককে পরিদর্শনকালে লাইসেন্সীর যে কোন রেজিস্টার, নথিপত্র, দলিল-দস্তাবেজ, রিপোর্ট-রিটার্ন ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করিয়া ছায়ালিপি সংগ্রহ করিতে দিবে ও পরিদর্শকের জিজ্ঞাসাবাদের জবাব দিবে।

(4) লাইসেন্সী, লাইসেন্সের মেয়াদ অবসানের অন্যূন ৯০ (নববই) দিন পূর্বে লাইসেন্স নবায়নের আবেদন করিবে।

(5) লাইসেন্সী মেট্রোরেল আইন, ২০১৫ ও ইহার অধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার বিধানাবলী এবং কর্তৃপক্ষ ও সরকারের এতদসংশ্লিষ্ট নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন করিবে।

(দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)
স্বাক্ষর
সীলমোহর
নাম:
পদবী:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ফরম-গ

[বিধি ১৫ দ্র:]

লাইসেন্স নবায়নের জন্য আবেদনপত্র

১। আবেদনকারীর নাম:
নিবন্ধন নং:
ঠিকানা:
ফোন:
ফ্যাক্স:
ইমেইল:

২। মেট্রোরেল এলাকার বিবরণ:

৩। মেট্রোরেল ব্যবসার বিবরণ (মেট্রোরেল ব্যবস্থা স্থাপন/ উন্নয়ন/ পরিচালনা বা উক্ত ব্যবস্থার কোন স্থাপনা নির্মাণ কার্যক্রম পরিচালনা/ মেট্রোরেল সেবা প্রদান অথবা সেই লক্ষ্যে কোন যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনা):
৪। মেট্রোরেল কোম্পানির ব্যবস্থাপনায় পরিবর্তন হইয়াছে কি না?:
৫। মেট্রোরেল লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ:

৬। নবায়ন ফিস জমার ব্যাংক-ড্রাফ্‌ট বা পে-অর্ডার নং (আইনের ধারা ৯ এ উল্লিখিত শর্তাংশের ক্ষেত্রে প্রযোজ্য নহে):

*আবেদনপত্রের সহিত একজন আবেদনকারী বিধি ১৫ এর উপ-বিধি (২) এ বর্ণিত কাগজপত্র দাখিল করিবে।

সত্যপাঠ

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোন মিথ্যা তথ্য দাখিল করি নাই।
পরবর্তীতে কোন তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারী পক্ষে অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর

সীলমোহর

তারিখ ..... ইং
..... বাং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ফরম-ঘ

[বিধি ১৯ দ্র:]

লাইসেন্স পুন:ইস্যুর জন্য আবেদনপত্র

১। আবেদনকারীর নাম:
নিবন্ধন নং:
ঠিকানা:
ফোন:
ফ্যাক্স:
ইমেইল:

২। মেট্রোরেল এলাকার বিবরণ:
৩। মেট্রোরেল ব্যবসার বিবরণ (মেট্রোরেল ব্যবস্থা স্থাপন/ উন্নয়ন/ পরিচালনা বা উক্ত ব্যবস্থার কোন স্থাপনা নির্মাণ কার্যক্রম পরিচালনা/ মেট্রোরেল সেবা প্রদান অথবা সেই লক্ষ্যে কোন যন্ত্রপাতি স্থাপন ও পরিচালনা):
৪। মেট্রোরেল লাইসেন্সের এর মেয়াদ উত্তীর্ণের তারিখ:
৫। লাইসেন্স হারানো/ নষ্ট হওয়া/ক্ষতিগ্রস্ত হওয়ার তারিখ:
৬। লাইসেন্স পুন:ইস্যু ফিস জমার ব্যাংক-ড্রাফ্‌ট বা পে-অর্ডার নং (আইনের ধারা ৯ এ উল্লিখিত শর্তাংশের ক্ষেত্রে প্রযোজ্য নহে):

সত্যপাঠ

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোন মিথ্যা তথ্য দাখিল করি নাই।
পরবর্তীতে কোন তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারী পক্ষে অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর

সীলমোহর

তারিখ ..... ইং
..... বাং